

ধারা ৪ কর্মসূচির আপডেট 24 মার্চ, 2020

প্রিয় ধারা ৪ এর সম্পত্তি মালিক ও অংশগ্রহণকারীগণ,

নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (New York City Housing Authority, NYCHA) করোনাভাইরাসের (COVID-19) ওপরে নজর রাখা এবং মেয়র Bill de Blasio ও গভর্নর Andrew Cuomo-এর কার্যনির্বাহী আদেশগুলি মেনে চলার জন্য NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি (Health and Mental Hygiene) ও আপৎকালীন ব্যবস্থাপনা (Emergency Management) বিভাগগুলির সঙ্গে, এছাড়াও অন্যান্য শহর, রাজ্য ও রাষ্ট্রীয় অংশীদারদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করা অব্যাহত রেখেছে। আমরা কর্মসূচির কার্যপরিচালনাকে সামঞ্জস্যপূর্ণ করার সাথে সাথে, আমাদের কর্মী, সম্পত্তির মালিক ও অংশগ্রহণকারীদের স্বাস্থ্য ও সুরক্ষা আমাদের একটি অগ্রাধিকার।

আপনার ব্যবহার ও পরিকল্পনার জন্য আমরা নিচে ধারা ৪ কার্যপরিচালনার একটি সাম্প্রতিকতম অবস্থা অন্তর্ভুক্ত করেছি।

মনে করাতে চাই যে অনলাইন অনুরোধ, নথিপত্র জমা দেওয়া এবং স্থিতির আপডেটের জন্য ওনার এক্সট্রানেট (Owner Extranet) ও স্বয়ং-পরিষেবার পোর্টালে (Self-Service Portal) উপলব্ধ থাকবে। কর্মীদের কাজের সময়সূচি সংক্রান্ত আদেশের কারণে প্রিন্টিং ও ডাকযোগে পাঠানোর মত কাজগুলির ক্ষেত্রে প্রক্রিয়াকরণের সময় দেরি হবে। যতটা পর্যন্ত সম্ভব, অনুগ্রহ করে যে কোনো প্রয়োজনীয় নথিপত্র প্রিন্ট করা এবং আপডেটের জন্য স্বয়ং-পরিষেবা (Self-Service) ও ওনার পোর্টালগুলি (Owner Portal) পর্যায়ক্রমে দেখতে থাকুন।

অনুগ্রহ করে মনে রাখবেন: ধারা ৪ কার্যপরিচালনার পরিবর্তন হওয়া অব্যাহত থাকতে পারে। অতিরিক্ত তথ্যের জন্য NYCHA এর ওয়েবসাইট (www.nyc.gov/nycha) দেখুন।

- সিটি আপৎকালীন অবস্থার অধীনে থাকার সময় ধারা ৪ অনুরোধগুলির জন্য **গ্রাহক যোগাযোগ কেন্দ্র (Customer Contact Center, CCC)** কার্যপরিচালনা স্থগিত রাখা হবে।
- সিটি আপৎকালীন অবস্থার অধীনে থাকার সময় **ওয়াক-ইন সেন্টারগুলি (Walk-in Centers)** জনগণের জন্য বন্ধ রাখা হচ্ছে।
- **যে বার্ষিক ও অন্তর্বর্তী পুনঃপ্রত্যয়নগুলির (Annual and Interim Recertifications)** পরিণামে ভাড়াটের ভাড়ার অংশ বৃদ্ধি পায় সেগুলি প্রক্রিয়া করা হবে 1 মে 2020 বা তার পরের কার্যকর তারিখ সহ। এটা এই সময়কালে পরিবারগুলির ভাড়া অবিলম্বে বেড়ে যাওয়া প্রতিরোধ করবে।
- **আবেদনকারীর যোগ্যতা নির্ণয়কারী সাক্ষাৎকারগুলি** ফোনের মাধ্যমে সম্পন্ন করা হবে।
- **অনানুষ্ঠানিক সম্মেলনগুলি** ফোনের মাধ্যমে সম্পন্ন করা হবে।
- শুধুমাত্র নতুন রেন্টাল ইউনিটগুলির জন্যই **পরিদর্শন** করা হবে। পরবর্তী বিজ্ঞপ্তি পর্যন্ত অন্য সব পরিদর্শন স্থগিত রাখা হয়েছে। NYCHA পুনঃপরিদর্শন পরিচালনা করার ওপরে আবাসন ও নাগরিক উন্নয়ন (Housing and Urban Development, HUD) বিভাগের কাছ থেকে একটি অব্যাহতির অনুরোধ করছে, এবং এই ধরনের একটি অব্যাহতি না পাওয়া পর্যন্ত আমাদেরকে নিলম্বন ও পুনর্বহাল সংক্রান্ত চলতি নীতিটি অবশ্যই মেনে চলতে হবে।

- **লীজ নবায়ন ও চুক্তিমূলক ভাড়ার পরিবর্তনগুলি** অনলাইনে এবং lrinfo@nycha.nyc.gov এ ইমেলের মাধ্যমে জমা দেওয়া যায়।
- **ভাড়ার প্যাকেজগুলি** s8.rtu@nycha.nyc.gov এ ইমেলের মাধ্যমে গ্রহণ করা হবে।
- সিটি আপৎকালীন অবস্থার অধীনে থাকার সময় কমপক্ষে 60 দিনের জন্য **পরিসমাপ্তির পদক্ষেপগুলি** স্থগিত রাখা হয়েছে। এই সময়সীমাটি প্রয়োজনমত মূল্যায়ন করা হবে। এর অন্তর্ভুক্ত হল বার্ষিক পুনঃপ্রত্যয়ন, পরিদর্শন ও জালিয়াতির সাথে সম্পর্কিত পরিসমাপ্তির পদক্ষেপগুলি।
- **স্থানান্তরের অনুরোধগুলি** প্রক্রিয়া করা হচ্ছে। তবে ডাকযোগে ট্রান্সফার ভাউচারগুলি পেতে দেরি হবে। যদি সম্ভব হয়, অনুগ্রহ করে স্বয়ং-পরিষেবার পোর্টালটি পর্যায়ক্রমে দেখতে থাকুন, যেখানে আপনি ভাউচারগুলি প্রিন্ট করতে পারবেন।
- ইন্টারনেট সংযোগ নেই এমন ধারা 8 অংশগ্রহণকারীদের জন্য **ডাকযোগে পাঠানোর বিকল্পগুলি:**

বার্ষিক পর্যালোচনা (AOI) নথিপত্র	PO Box 19196 Long Island City, NY 11101-9196
ভাড়া স্থানান্তরের নথিপত্র	PO Box 19199 Long Island City, NY 11101-9199
চিঠি বা প্রশ্ন	PO Box 19201 Long Island City, NY 11101-9201
পোর্টেবিলিটি বা বহনযোগ্যতা সংক্রান্ত নথিপত্র	PO Box 1631 New York, NY 10008-1631

আমাদের জনসমাজগুলিকে নিরাপদে রাখার জন্য আমরা এই গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলি গ্রহণ করছি। আমরা ধারা 8 এর সম্পত্তি মালিকদের উচ্চ জনঘনত্ব থাকা ও ভাগাভাগি করে ব্যবহার করা জায়গাগুলিকে জীবাণুমুক্ত করার দ্বারা একই কাজ করতে উৎসাহিত করি। আপনি যদি ইতিমধ্যেই তা না করে থাকেন, তাহলে এই এলাকাগুলির ওপরে আরো ঘন ঘন নজর দেওয়ার জন্য সম্পত্তির মালিকদের উচিত তাদের রুটিন রক্ষণাবেক্ষণের কার্যপ্রণালী পরিবর্তন করা।

আমরা আপনাকে COVID-19 এর বিষয়ে সাম্প্রতিক তথ্য দেওয়া চালিয়ে যাব, সেগুলি যেমন যেমন ঘটতে থাকবে।

COVID-19 সম্বন্ধে আরো তথ্যের জন্য nyc.gov/coronavirus দেখুন।

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ।